গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

নং-৫৮.০০.০০০০.০৯৩.০৬.০০৫.২১- ৬৪

তারিখ : ০১ ফাল্গুন ১৪২৭ ব:
১৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রি:

বিষয় : "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভার কার্যবিবরণী প্রেরণ।

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরী ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভা গত ০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সুরক্ষা সেবা বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

২৮/০২/২১
(আরিফ আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৬৫৫৭৫

বিতরণ (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১। সদস্য (সিনিয়র সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৮। যুগ্ম সচিব (অগ্নি), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯। উপসচিব (উন্নয়ন), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১০। পরিচালক (উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, ''ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
১২। উপ-পরিচালক (পরিকল্পনা), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

১. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১
www.ssd.gov.bd

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শহিদুজ্জামান<br>সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ |
| সভার তারিখ | : | ০২ ফেব্রুয়ারি ২০২১ খ্রি: |
| সময় | : | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি ১ম প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) সভার কাজ শুরু করেন। তিনি জানান যে, নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের 'সময়াবদ্ধ কর্মপরিকল্পনা' প্রণয়ন করে তদনুযায়ী প্রকল্পের কার্যক্রম সম্পাদন করা প্রয়োজন। অত:পর তিনি প্রকল্প পরিচালককে সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের অনুরোধ করেন।

২। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (উন্নয়ন) জানান যে, গত ০৪/১১/২০১৮ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় "ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটি অনুমোদিত হয় এবং গত ১১/১২/২০১৮ তারিখে এ প্রকল্পের প্রশাসনিক আদেশ জারি করা হয়। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ১৬৫১৯.৯৮ লক্ষ টাকা এবং বাস্তবায়নকাল জুলাই ২০১৮ জুন ২০২১। তিনি আরো জানান যে, ডিপিপি'তে প্রকল্প এলাকা হিসেবে (১) সিদ্দিকবাজার ঢাকা সিটি করপোরেশন (সংযুক্ত: আশুলিয়া, সাভার) (২) নারায়ণগঞ্জ সিটি করপোরেশন (নারায়ণগঞ্জ নদী) (৩) চট্টগ্রাম সিটি করপোরেশন (চট্টগ্রাম সমুদ্রগামী) (৪) চাঁদপুর সদর (চাঁদপুর নদী) (৫) খুলনা সিটি করপোরেশন (খুলনা নদী) (৬) বরিশাল সিটি করপোরেশন (সংযুক্ত মেহেন্দীগঞ্জ) ও (৭) রংপুর সিটি করপোরেশন (সংযুক্ত কুড়িগ্রাম) উল্লেখ করা হয়েছে। এ পর্যায়ে তিনি এ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ও অদ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ জানান।

৩। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ফায়ার সার্ভিস অধিদপ্তরে এর ডুবুরি ইউনিট সাধারণত নদী এলাকায় উদ্ধার কার্যক্রম পরিচালনা করে থাকে। গভীর সমূদ্রে/নৌ দুর্ঘটনা বা অগ্নিকান্ডে ফায়ার সার্ভিস উদ্ধার কাজ পরিচালনা করে না। অপরপক্ষে, ডিপিপিতে সংস্থানকৃত অধিকাংশ সরঞ্জামাদি গভীর সমুদ্রে উদ্ধার কাজ পরিচালনার উপযোগী। তদুপরি ডিপিপিতে সংস্থানকৃত কিছু সরঞ্জাম ডুবুরিদের উদ্ধার কাজে অত্যাবশ্যক নয়। আবার, বেশ কিছু সরঞ্জাম মূল সরঞ্জামের সাথে সংযুক্ত অবস্থায় থাকে বিধায় সেগুলো আলাদাভাবে সংগ্রহ করার প্রয়োজনীয়তা নেই। উপরন্তু ডিপিপিতে সংস্থানকৃত স্যালভেজ ফায়ার ফাইটিং ট্যাগটি স্থাপন করার জন্য জমি বরাদ্দ চেয়ে চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ (এস্টেট বিভাগ) ১৯-০৭-২০২০ তারিখে যাচিত জমি ও নদীমুখ ব্যবহারের লাইসেন্স প্রদান করা সম্ভব হচ্ছে না মর্মে অবহিত করেন। বাস্তব অবস্থায়, অনুমোদিত ডিপিপিতে সংস্থানকৃত (১) স্যালভেজ ফায়ার ফাইটিং টাগ (২) পন্টুন ও জেটি (৩) পোর্টেবল ডি-কম্প্রেসার চেম্বার (৪) মাউন্টেড ডি-কম্প্রেসার চেম্বার (৫) রেসকিউ মনোপট (৬) লং রিস টেলিস্কোপ (৭) হাইটেনশন এসেঃ রোপ (৮) এয়ার লিফটিং পিলো (৯) সিংগেল/ডাবল ইন্ড স্লিভ পুলি (১০) স্টিল রোপ (১১) ব্লাংকেট ফর ক্যাজুয়ালটিক (১২) ৪০ ফুট ল্যাসিং (১৩) চেইন কাপ্পা (১৪) ভিএইচ বেস সেট (১৫) ভিএইচ ওয়াকি-টকি (১৬)

ভিএইচ রিপিটার (১৭) মোবাইল রিপিটারসহ বর্ণিত সরঞ্জাম এ প্রকল্প থেকে বাদ দিয়ে তদস্থলে আধুনিক প্রযুক্তিসম্পন্ন উদ্ধার সরঞ্জাম সংগ্রহ করা প্রয়োজন। ইতোমধ্যে নৌ উদ্ধার কাজে ব্যবহারের জন্য আধুনিক সরঞ্জামের একটি তালিকা প্রস্তুত করার লক্ষ্যে গঠিত কমিটি নিম্নোক্ত সরঞ্জাম এর তালিকাসহ প্রকল্পের মেয়াদ এবং প্রকল্প এলাকা বর্ধিত করার সুপারিশ করে:

প্রস্তাবিত ৬০টি ডুবুরি ইউনিট:

(১)সিদ্দিকবাজার (২) সদরঘাট (৩) সাভার (৪) নারায়ণগঞ্জ (৫) কাঞ্চন (৬) শ্রীনগর (৭) কমলাঘাট (৮) গজারিয়া (৯) পলাশ (১০) আরিচা (১১) ভুয়াপুর (১২) মিঠামইন (১৩) ভৈরব (১৪) গোয়ালন্দ (১৫) জাজিরা (১৬) টুঙ্গীপাড়া (১৭) টেকেরহাট (১৮) মাদারীপুর (১৯) ময়মনসিংহ (২০) মোহনগঞ্জ (২১) জামালপুর (২২) দেওয়ানগঞ্জ (২৩) চট্টগ্রাম (২৪) কুমিরা (২৫) আনোয়ারা (২৬) সন্দীপ (২৭) কক্সবাজার (২৮) মহেশখালী (২৯) চাঁদপুর (৩০) মেঘনা (৩১) হাতিয়া (৩২) লক্ষীপুর (৩৩) রামগতি (৩৪) রাঙামাটি (৩৫) লংগদু (৩৬) রাজশাহী (৩৭) সিরাজগঞ্জ (৩৮) বেড়া (৩৯)বাঘাবাড়ি (৪০) লালপুর (৪১) খুলনা (৪২) মংলা (৪৩) ভেড়ামারা (৪৪) মাগুরা (৪৫) বরিশাল (৪৬) মেহেন্দীগঞ্জ (৪৭) পটুয়াখালী (৪৮) বরগুনা (৪৯) ভোলা (৫০) মনপুরা (৫১) রংপুর (৫২) সিলেট (৫৩) জৈন্তাপুর (৫৪) সুনামগঞ্জ (৫৫) দিরাই (৫৬) দোয়ারাবাজার (৫৭) লাখাই (৫৮) মৌলভীবাজার (৫৯) গাইবান্ধা (৬০) কুড়িগ্রাম।

সংগ্রহের জন্য সুপারিশকৃত নতুন সরঞ্জামাদি:

(১) টোয়িং ভেহিক্যাল (পিকআপ টাইপ) (২) মাইক্রোবাস (৩) ফেইস মাস্ক/সুইমিং মাস্ক (৪) বিসিডি সেট (৫) রেগুলেটর সেট (৬) কমপ্রেসর এ্যাডাপ্টার (৭) ডাইভিং টুলস সেট (৮) ওয়েট বেল্ট উইথ ওয়েট (৯) ডাইভিং রিষ্ট কম্পিউটার (১০) এয়ার লিফটিং ব্যাগ উইথ হোজ পাইপ (১১)মাস্ক ক্লিনিং ড্রপ (১২) ডাইভিং ফিনস (১৩) ডাইভিং নাইফ (১৪) ট্রাউজার ও জ্যাকেট সেট (১৫) শর্ট প্যান্ট এন্ড টি শার্ট (১৬) রেসকিউ রোপ (১৭) রেইন কোট (১৮) ডইভিং শট রোপ (১৯) ডেপথ গেজ (২০) ডাইভার ইন্ডিকেটিং ল্যাম্প (২১) ডাইভিং ইকুইপমেন্ট ব্যাগ (২২) ডাইভিং স্নোরকেল (২৩) রেসকিউ পোর্টেবল ট্রাইপড উইথ পুলি (২৪) পোর্টেবল স্লাইড স্ক্যানার সনার।

৪। এ পর্যায়ে আইএমই বিভাগের প্রতিনিধি সভায় বলেন যে, প্রকল্পটি গ্রহণের সময় ফিজিবিলিটি স্ট্যাডি করা হয়নি। প্রকল্প গ্রহণের সময় ফিজিবিলিটি স্ট্যাডি করা হলে ট্যাগ বোটসহ বিভিন্ন উপকরণ যা ডুবুরি ইউনিটের জন্য প্রয়োজনীয় নয় এমন সব বিষয় ডিপিপিভুক্ত হত না এবং প্রকল্পটি এভাবে সংশোধনের জন্য প্রস্তাব করা হতো না। তিনি ৭টি স্টেশনের স্থলে ৬০টি স্টেশন অন্তর্ভুক্তির প্রস্তাবের প্রয়োজনীয়তা খতিয়ে দেখা যেতে পারে মর্মে মতামত ব্যক্ত করেন। একই সাথে প্রকল্পের উপকরণ এর প্রস্তাব সীমিত পর্যায়ে রেখে জরুরি ৫/৭টি স্টেশনকে এ প্রকল্পের আওতায় নিয়ে সীমিত কিছু উপকরণ সংযোজন করে প্রকল্পটি সমাপ্ত করার জন্য তাঁর মতামত প্রদান করেন। তিনি পরবর্তী পূর্ণাঙ্গ ফিজিবিলিটি স্ট্যাডি করে তার আলোকে ডুবুরি ইউনিট বর্ধিতকরণের বিষয়ে মতামত ব্যক্ত করেন।

৫। উপসচিব (উন্নয়ন) এ পর্যায়ে সভাকে অবহিত করেন যে, প্রকল্পের আওতায় প্রস্তাবিত যন্ত্রপাতির প্রয়োজনীয়তা সম্পর্কে বর্তমানে আইএমইডি'র সচিব মহোদয় পূর্বে এ বিভাগে কর্মকালীন সময়ে বিস্তারিত জানতেন। এ ছাড়া প্রকল্পের উপকরণ পুন:নির্ধারণের ক্ষেত্রে ওয়ার্কসপ করে কোন কোন ধরণের উপকরণ আলোচ্য প্রকল্পে নেয়া/সংযোজন করা দরকার তা নির্ধারণে পিআইসি সভার সিদ্ধান্ত ছিল যা কোভিড-১৯ এর জন্য যা অনুষ্ঠিত হয়নি। পরবর্তীতে এর পরিবর্তে একটি টেকনিক্যাল কমিটির মাধ্যমে উপকরণ চাহিদা অনুযায়ী উপকরণ সংগ্রহ নির্ধারণের জন্য প্রস্তাব করা হয়েছিল। প্রকল্প বাস্তবায়নে এ পর্যায়ে ট্যাগ বোট বাদ দিয়ে বিভিন্ন উপকরণ সংযোজনের জন্য প্রস্তাব করা হয়েছে। একনেক কর্তৃক অনুমোদিত প্রকল্পের ব্যাপক পরিবর্তনের ক্ষেত্রে এর প্রাথমিক যৌক্তিকতা এবং উদেশ্যে ভালভাবে বিবেচিত হওয়া আবশ্যক। একান্তই অপরিহার্য হলে অপ্রয়োজনীয় অঙ্গ বাদ দিয়ে প্রকল্প আকার ছোট করে অর্থ সাশ্রয়সহ চলমান প্রকল্পটি সমাপ্ত করা যেতে পারে।

৬। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন যে, এ প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল ডুবুরি ইউনিট বৃদ্ধি এবং ডুবুরির সংখ্যা বৃদ্ধি। কিন্তু ডুবুরি বৃদ্ধির প্রস্তাব অর্থ বিভাগ যেভাবে সংকোচন করেছে সেই নিয়ে এর অপারেশন সারাদেশে চালিয়ে যাওয়া কঠিন। এই মুহূর্তে অভ্যন্তরীন নৌপথে উপকরণের চেয়ে ডুবুরি অনেক বেশী দরকার। তিনি আরো বলেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স মূলত দেশের মধ্যে উদ্ধার কাজ করে থাকে। অপরদিকে সমুদ্র উপকূলে কোস্ট গার্ড এ ধরণের উদ্ধার কাজ করে থাকে। প্রস্তাবিত ট্যাগ বোটটি প্রায় ৭৫ ফিট লম্বা এটার জায়গার জন্য চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষকে পত্র দিলে তাদের পক্ষে এটি রাখার জন্য স্থান প্রদান করা সম্ভব না মর্মে জানিয়েছেন। এছাড়া এটি ব্যবহার ও রক্ষণাবেক্ষণের জন্য দক্ষ জনবল না থাকায় এটি বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে। এই ট্যাগ বোট এর প্রাক্কলিত দর প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের প্রায় ৪১/৪২%। আরো কিছু উপকরণ আছে যা এর সঙ্গে সংশ্লিষ্ট তা বাদ দেওয়ার প্রস্তাব করা হয়েছে। সেগুলো বাদ দিয়ে এর পরিবর্তে সারাদেশে ৬০টি ডুবুরি ইউনিটের জন্য বিভিন্ন উপকরণ সংগ্রহের প্রস্তাব করা হয়েছে। এক প্রশ্নের জবাবে তিনি বলেন অনুমোদিত বা প্রস্তাবিত জনবল বিবেচনা করে এই প্রস্তাব করা হয়নি।

৭। সভাপতি এ পর্যায়ে এ বিভাগের পূর্বের অতিরিক্ত সচিব এবং বর্তমান আইএমইডি'র সচিব জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এর সাথে মোবাইলে এ প্রকল্প গ্রহণের লক্ষ্য ও উদ্দেশ্যে সম্পর্কে কথা বলেন এবং এই প্রকল্প গ্রহণের প্রেক্ষাপট সকলকে অবহিত করেন। তিনি প্রকল্পটি গ্রহণের সময় ভালভাবে ফিজিবিলিটি স্ট্যাডি এবং প্রস্তাবিত পরিবর্তনগুলো আরো যৌক্তিক হওয়ার প্রয়োজন ছিল এবং আরো আগে পিএসসি সভা করে এ ধরণের বিষয়গুলো উপস্থাপন করা প্রয়োজন ছিল মর্মে মতামত ব্যক্ত করেন।

৮। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(৮.১) বিবেচ্য প্রকল্পটি সংশোধন করে নতুন সরঞ্জাম সংযোজনী এর প্রস্তাব না করে অতিজরুরি প্রয়োজন এ যৌক্তিকতায় ২/৩ রকম নতুন উপকরণ সীমিত পর্যায়ে ক্রয় এর প্রস্তাব দিতে হবে। নতুন প্রস্তাবিত ৬০টি ডুবুরি ইউনিট স্থাপনের লক্ষ্যে রাজস্ব বাজেটে জনবলের পদ সৃজনের উদ্যোগ নিতে হবে। রাজস্ব বাজেটে নতুন ডুবুরি ইউনিট সংযোজন সাপেক্ষে প্রকল্পের ২য় পর্যায় গ্রহণ করা যেতে পারে।

(৮.২) ট্যাগ বোট এর স্থান সংকুলান বিষয়ে সমুদ্র বন্দর কর্তৃপক্ষের মতামত নৌপরিবহন মন্ত্রণালয়কে অবহিত করে এ বিষয়ে মতামত জানতে হবে;

(৮.৩) ডিপিপি সংশোধন প্রস্তাবে প্রকল্পের মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধির সুপারিশ করা হয়;

(৮.৪) নতুন সরঞ্জামের প্রাক্কলিত মূল্য প্রকল্প পরিচালক অনলাইনসহ সার্বিক ও যৌক্তিকভাবে নির্ধারণ করবেন;

(৮.৫) আগামী ১৫ দিনের মধ্যে সংশোধিত ডিপিপি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(৮.৬) প্রতি ৩ মাস অন্তর পিআইসি এবং ৪ মাস অন্তর পিএসসি সভা নিশ্চিত করতে হবে।

৯। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: শহিদুজ্জামান)
সিনিয়র সচিব
সুরক্ষা সেবা বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
পরিকল্পনা শাখা-১

০২ ফেব্রুয়ারি ২০২১ তারিখ রোজ মঙ্গলবার বিকাল ৩.০০ ঘটিকায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ''ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স ডুবুরি ইউনিট সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পের প্রজেক্ট স্টিয়ারিং কমিটির (পিএসসি) ১ম সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা:

| ক্র: নং | নাম ও পদবি | প্রতিষ্ঠানের নাম | মোবাইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | Brig Gen Sajjad | FSCD | 0173008234[illegible] | [signature] |
| ২. | Lt col Zulfikar | FSCD | | [signature] |
| ৩. | মোঃ খায়রুল আলম শেখ অতিঃ সচিব (উন্নয়ন) | SSD. | 01711581678 | [signature] |
| ৪. | মল্লিক সাঈদ মাহবুব যুগ্মসচিব (অতিঃ) | SSD | 01712773232 | [signature] |
| ৫. | Md. Musharaf Hossain PD, Dubuori Project | FSCD | 01550151290 | [signature] |
| ৬. | মোঃ [illegible] চৌধুরী (যুগ্মসচিব) | IMED | 01798-758956 | [signature] |
| ৭. | মোহাম্মদ [illegible] রহমান SAS | অর্থ বিভাগ | 01733551155 | [signature] |
| ৮. | মোহাম্মদ [illegible] উপপরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (চলতি) | FSCD | 01869-801902 | [signature] |
| ৯. | আরিফ আহমেদ উপসচিব, বাজেট | SSD | 01678055513 | [signature] |
| ১০. | কাসীম মুহাম্মদ বাবর সহকারী সচিব পরিকল্পনা কমিশন | GED | ০৯৮-৯৯৯৬৭৭০২ | [signature] |
| ১১. | মোঃ [illegible] হোসেন ([illegible]) উপসচিব | SSD | 01711392742 | [signature] |
| ১২. | শাহীন মোহাম্মদ মাইনুল হক DS (সচিবের একান্ত সচিব) | SSD | 01727202762 | [signature] |